দৈনিক সংবাদ

তারিখ ... 13 AUG 1990 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

19

# সিরাজগঞ্জ কলেজের অধ্যক্ষের কক্ষে তালা

সিরাজগঞ্জ, ১১ই আগস্ট (ইউএনপি)।– সরকারী কলেজ কর্তৃপক্ষ ও ছাত্র সংসদ কর্মকর্তাদের মধ্যকার বিরোধকে কেন্দ্র করে বিক্ষুব্ধ ছাত্র নেতৃবৃন্দ আজ অধ্যক্ষের অফিস কক্ষ তালাবদ্ধ করে দেয়। ঘটনা সম্পর্কে কলেজ কর্তৃপক্ষ ও ছাত্র নেতৃবৃন্দ ভিন্ন ভিন্ন বক্তব্য দিয়েছেন।

ছাত্র সংসদের সহ-সভাপতি অমর কৃষ্ণ সাহা ও সাধারণ সম্পাদক সাইদুর রহমান বাচ্চু বলেন, ছাত্র সংসদের গঠনতন্ত্র সংশোধনের জন্য আজকের আহূত সভা তারা বর্জন করেছেন। অধ্যক্ষের তহবিল তছরূপের প্রতিবাদে তারা এ সভা বর্জন করে এবং 'দুর্নীতিবাজ' ৪ জন অধ্যাপকের অপসারণ দাবী করেছে।

অধ্যক্ষ আজিজুল হক বলেন, সংসদ নেতৃবৃন্দ কতিপয় বহিরাগতকে নিয়ে বেআইনভাবে সভায় উপস্থিত হবার চেষ্টা করলে কর্তৃপক্ষ বাধা দেয়। ফলে বিরোধের সৃষ্টি হয় বলে তিনি জানান।